

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন



সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা
অধিদফতরের প্রধান শিক্ষক (৯ম গ্রেড) (মুক ও
বধির বিদ্যালয়/অন্ধ বিদ্যালয়/জাতীয় বিশেষ
শিক্ষা কেন্দ্র) পদে লিখিত পরীক্ষা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারকনম্বর-৮০.০০.০০০০.১০৫.০১১.০৩০.১৯/০৪

তারিখ : ২৬ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতরের প্রধান শিক্ষক (৯ম গ্রেড) (মুক ও বধির বিদ্যালয়/অন্ধ বিদ্যালয়/জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) পদে লিখিত পরীক্ষার তারিখ, সময়, আসন বিন্যাস এবং নির্দেশাবলী।

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতরের বিদ্যমান নিয়োগ বিধিমালা-২০১৩ অনুযায়ী ৯ম হ্রেডভুক্ত প্রধান শিক্ষক(মুক ও বধির বিদ্যালয়/অন্ধ বিদ্যালয়/জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) পদে ৪০% হিসেবে ০৫ টি স্থায়ী পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে অনলাইনে আবেদনকারী ১০৩ জন প্রার্থীর ২০০ নম্বরের ৪ ঘণ্টাব্যাপি লিখিত পরীক্ষার তারিখ, সময়সূচি, আসন বিন্যাস নিম্নরূপ:


পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও ক্রমিক নম্বর	পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্র	প্রার্থী সংখ্যা ও রেজিস্ট্রেশন নম্বর
প্রধান শিক্ষক (মুক ও বধির বিদ্যালয়/অন্ধ বিদ্যালয়/জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র) ক্রমিক নম্বর-১০৬ বিজ্ঞপ্তির তারিখ: ০৯/১২/২০১৯	৩১.০১.২০২২ খ্রি: সোমবার ও সময়ঃ দুপুর ১২:০০ মিঃ থেকে অপরাহ্ন ৪:০০ মিঃ পর্যন্ত।	৭১ মিলনায়তন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।	১০৩ জন (০০০০০২-৮০০০৭২)

লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলীঃ

- পরীক্ষার্থীদেরকে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক মাস্ক পরিহিত অবস্থায় লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীকে মাস্ক ব্যতীত পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।
- অনলাইনে রেজিস্ট্রেশনকারী প্রার্থীকে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রবেশপত্র ব্যতীত পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘণ্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রের OMR অংশে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে, সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে ফ্লুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।
- হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ডুয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তদাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, ভ্যানিটি ব্যাগ, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, সাইট্রিফিক ক্যালকুলেটর বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(Signature)

৭. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাঁদেরকে আগামী ১৮.০১.২০২২ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-৫ বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।
৮. পরীক্ষার সময় প্রার্থীরা মুখ ও কানের উপর মার্ক ব্যতীত কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। পরীক্ষা হলে প্রার্থীগণ গহণা-অলঙ্কার জাতীয় কিছু ব্যবহার করবেন না। পরীক্ষা হলে ব্যাংক কার্ড /ক্রেডিট কার্ড/ডেবিট কার্ড এবং এর সদৃশ্য কোনো কিছু বহন করা যাবে না।
৯. পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। তবে সাইট্রিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না।
১০. পরীক্ষার্থীদেরকে বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০ ও প্রাসঙ্গিক টেকনিক্যাল /প্রফেশনাল বিষয়-৮০ নম্বর সহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘণ্টাব্যাপি সময়ের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
১১. পরীক্ষার্থীদেরকে পরীক্ষার হলে একইসাথে ০৪ টি বিষয়ের জন্য ০৪ টি উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও প্রাসঙ্গিক টেকনিক্যাল /প্রফেশনাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ডিম ডিম উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
১২. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর (substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
১৩. বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd- এ পাওয়া যাবে।


[মোঃ নজরুল ইসলাম]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]
[যুগ্মসচিব]